

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৩৮

পানিসাগর, ৯ মে, ২০২৪

পানিসাগর মহকুমাভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী

সারা রাজ্যের সাথে পানিসাগর মহকুমাতেও যথাযথ মর্যাদায় কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী পালন করা হয়। গতকাল পানিসাগর টাউনহল প্রাঙ্গনে প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠান আয়োজিত হয়। এই অনুষ্ঠানের সূচনা করেন পানিসাগর নগর পঞ্চায়েতের উপ কার্যনির্বাহী আধিকারিক প্রদীপ কুমার সরকার। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মহকুমাভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য রাধী ভট্টাচার্য, অশোক কুমার নাথ, সুদীপা রায়, মহকুমা তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক সহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ। অনুষ্ঠানে অতিথিগণ পানিসাগর টাউনহল প্রাঙ্গনে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের মর্মর মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা জানান। এছাড়া বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ রবীন্দ্রসংগীত ও রবীন্দ্র নৃত্য পরিবেশন করেন। এ উপলক্ষে গত ৭ ও ৮ মে পানিসাগর টাউন হলে অনুষ্ঠিত হয় সাক্ষ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে মহকুমার অন্তর্গত বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ রবীন্দ্র সংগীত, নৃত্য ও নাটক পরিবেশন করেন। মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে ও পানিসাগর নগর পঞ্চায়েতের সহযোগিতায় মহকুমাভিত্তিক রবীন্দ্রজয়ন্তী উদযাপন অনুষ্ঠান আয়োজন করা হয়।

\*\*\*\*\*